

এইচএসসি আলিম পরীক্ষা ২৯ মে শুরু

সাত বোর্ডে ৫ লাখ ২ হাজার ৭৯৬ পরীক্ষার্থী অংশ নেবে

স্টাফ রিপোর্টার

দেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে ২০০৮ সালের এইচএসসি, আলিম ও এইচএসসি ভোকেশনাল পরীক্ষা আগামী ২৯ মে শুরু হচ্ছে। এ বছর নয়টি শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা গতবারের চেয়ে বেড়েছে ৭৮ হাজার ৮৪২ জন। নয়টি শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা এবার ৬ লাখ ২০ হাজার ২০ জন। ২০০৭ সালে এ সংখ্যা ছিল ৫ লাখ ৪১ হাজার ১৭৮ জন। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, এবার সাতটি সাধারণ শিক্ষা বোর্ডে মোট ৫ লাখ ২ হাজার ৭৯৬ জন পরীক্ষার্থী অংশ নিবে। এর মধ্যে ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ **৭৪৫৪৫১**

এইচএসসি আলিম পরীক্ষার পর

০১ হাজার ২৪৭ জন, ঢাকা বোর্ডে ১০ হাজার ৩৬ হাজার ৭৪৫, কুমিল্লা বোর্ডে ৫০ হাজার ৭১৯, হবিগঞ্জ ৭০ হাজার ৮০৯, চট্টগ্রামে ৪১ হাজার ৫১৫, প্রতিপাল ৩২ হাজার ১৬৪ ও সিলেট বোর্ডে ১৯ হাজার ৫৯৭ জন। মন্ত্রণালয় শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষায় ৬২ হাজার ৫০৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। আরিগরি শিক্ষা বোর্ডে এবার এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৫৪ হাজার ৭১৯ জন। পরীক্ষার্থীদের মধ্যে দুই লাখ ৬৯ হাজার ২১৪ জন ছাত্র এবং দুই লাখ ৩০ হাজার ৫৮২ জন ছাত্রী।

মন্ত্রণালয় সূত্রে জানায়, ২৯ মে থেকে পরীক্ষা গ্রহণের সকল প্রকৃতি সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে জেলা প্রশাসকদের প্রতিনির্দেশের মাধ্যমে প্রস্তুতি পরিচালনা করা হয়েছে। পরীক্ষা সূচুরূপ অনুষ্ঠানের জন্য ২৬ মে বোর্ডের আওতাধীন কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিময়ের আয়োজন করা হয়েছে। এছাড়া পরীক্ষা ওকালত অংশে ২৭ মে সবেম সভাসন করে পরীক্ষার বিষয়ে বিস্তারিত জানানো হবে। এবার নয়টি বোর্ডে মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা এক হাজার ৮৭। এর মধ্যে সাতটি সাধারণ শিক্ষা বোর্ডের পরীক্ষা কেন্দ্রের সংখ্যা এক হাজার ১৪টি, আলিম পরীক্ষা কেন্দ্র সংখ্যা ৩৪৮টি এবং এইচএসসি ভোকেশনাল পরীক্ষা কেন্দ্র সংখ্যা ৪২৮টি। মোট সাত হাজার ১২০টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এবার পরীক্ষায় অংশ নিবে। এর মধ্যে রয়েছে তিন হাজার ১৯৬টি, আলিম শিক্ষা প্রতিষ্ঠানে দুই হাজার ৬৫৯টি এবং এইচএসসি ভোকেশনাল শিক্ষাপ্রতিষ্ঠান ২৬৫টি।